



পশ্চিমবঙ্গ সরকার

উপ-কৃষি অধিকর্তা (প্রশাসন) এর কার্যালয়,

উত্তর ২৪ পরগনা, বারাসাত

বিজ্ঞপ্তি : সরকারী কৃষি খামারের পুকুর / জলাশয়ের চুক্তিভিত্তিক ইজারা।

এতদ্বারা মৎস্যজীবি সমবায় সমিতি / সংস্থা / মৎস্য চাষে উৎসাহী ব্যক্তিগণের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, উত্তর ২৪ পরগনা জেলার বারাসাত-ব্যারাকপুর মহকুমার নিম্নলিখিত কৃষি খামারের পুকুরটি অনধিক ৩ বৎসরের চুক্তিতে ইজারা দেওয়ার জন্য মুখ খামে দরপত্র আহ্বান করা হইতেছে।

উৎসাহী সমিতি/সংস্থা/ব্যক্তিগণকে নিম্নে নির্ধারিত দিনে ও নির্দিষ্ট সময়ে নির্ধারিত কৃষি খামারে উপস্থিত হইয়া ডাকে অংশগ্রহণ করিবার জন্য অনুরোধ করা যাইতেছে।

পুকুরটির অবস্থান ও তাহার আয়তন নিম্নে বর্ণিত হইল :-

খামারের নাম	পুকুরের আয়তন	দরপত্র জমা লইবার কার্যালয়	দরপত্র লইবার তারিখ	দরপত্র জমা লইবার সর্ব শেষ সময়	দরপত্র খোলার সময়
ব্যারাকপুর ব্লক বীজ খামার, বোড়া, মামুদপুর	১.০০ একর	ব্যারাকপুর ব্লক বীজ খামার	১২.০৯.২০১২, বুধবার	দুপুর ১ ঘটিকা	দুপুর ২ ঘটিকা

কোন বিশেষ কারণে উক্ত দিনটি যে কোন অনিবার্য কারণবশতঃ ছুটি ঘোষিত হইলে সেই অনুযায়ী দরপত্র আহ্বানের সূচী পরিবর্তিত হইতে পারে এবং পরিবর্তিত সূচী পরবর্তীকালে আগাম জানানো হইবে। দরপত্র জমা দেওয়ার নিম্নলিখিত শর্তাবলী অবশ্য পালন করিতে হইবে।

- সাদা কাগজে পূরণ করা দরপত্র সিল করা খামে নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে জমা দিতে হইবে। দরপত্রে উল্লিখিত দর সংখ্যায় কথায় উভয়ই পরিষ্কারভাবে উল্লেখ করিতে হইবে।
- একজন ব্যক্তি/ সংস্থা এক বা একাধিক খামারের পুকুরের জন্য দরপত্র জমা দিতে পারিবেন।
- দরপত্র খোলার সময় দরপত্র প্রদানকারী ইচ্ছুক ব্যক্তি / সংস্থা বা তাঁহার প্রতিনিধি উপস্থিত থাকিতে পারিবেন।
- দরপত্র জমা দেওয়ার সময় ব্যারাকপুর ফার্মের জন্য ৫,০০০ টাকা ব্যাঙ্ক ড্রাফট নিরাপত্তা জমা হিসাবে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাৎক্ষণিকভাবে জমা দিতে হইবে। অন্যথায় গৃহীত দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। ব্যাঙ্ক ড্রাফট 'Deputy Director of Agriculture (Admn.)', North 24 Parganas, Barasat এর স্বপক্ষে ক্রয় করিতে হইবে।
- দরপত্রগুলি খোলার পর যে দরপত্র টেন্ডার কমিটি দ্বারা গৃহীত বলিয়া বিবেচিত হইবে সেই দরপত্র প্রদানকারী ব্যক্তি সংস্থার নিরাপত্তা জমা গ্রহণ পূর্বক অপরাপর ব্যক্তি / সংস্থার নিরাপত্তা জমা ফেরৎ দেওয়া হইবে।
- গৃহীত দরপত্র সরকারী নিয়মানুযায়ী চূড়ান্তভাবে গৃহীত হইবার পর গৃহীত দরপত্রের দরপত্র প্রদানকারী ব্যক্তি / সংস্থাকে জেলার উপ-কৃষি অধিকর্তা(প্রশাসন) পক্ষ হইতে অনুমোদন পত্র প্রদান করা হইবে এবং ঐ অনুমোদন পত্র পাইবার ১৫ দিনের মধ্যে গৃহীত দরপত্রে উল্লিখিত দরের সম্পূর্ণ টাকা নগদে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট জমা দিতে হইবে। অন্যথায় গৃহীত দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং অগ্রিম জমার অর্থ বাজেয়াপ্ত করা হইবে।
- দরপত্র চূড়ান্তভাবে গৃহীত হইলে ইজারা দাতা কর্তৃপক্ষ এবং ইজারা গ্রহণকারী ব্যক্তি / সংস্থার মধ্যে শর্তসাপেক্ষ চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।
- উক্ত চুক্তিপত্র সম্পাদনকারী ইজারা গ্রহীতা ব্যক্তি / সংস্থাকে নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই পালন করিতে হইবে।
  - ইজারা প্রদত্ত পুকুরের জলের গভীরতা ৪(চার) ফুটের অধিক জল কৃষি খামারের কৃষিকার্যে প্রয়োজন মারফিক কর্তৃপক্ষ ব্যবহার করিবেন।
  - ইজারা গ্রহণকারী ব্যক্তি / সংস্থা ইজারা প্রদত্ত পুকুরের পরিচর্যা ইত্যাদি কাজের জন্য সংশ্লিষ্ট খামার কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে খামারে প্রবেশ করবেন। কিন্তু খামারে অবস্থিত খামারের কোন সম্পদের ক্ষতি করা যাইবে না।

পর পৃষ্ঠায় দ্রষ্টব্য

- ৩। ইজারা প্রদত্ত পুকুরের জলাশয় মাছ চাষ ছাড়া অন্য কোন কার্যে ব্যবহার করা যাইবে না।
  - ৪। ইজারা প্রদত্ত পুকুরের জলাশয় ছাড়া অন্য কোন অংশ যথা পুকুরের পাড়, মাটি ইত্যাদি ইজারা গ্রহণকারী ব্যক্তি / সংস্থা ব্যবহার করিতে পারিবেন না।
  - ৫। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিনা অনুমতিতে পুকুরের চারিত্রিক কোন পরিবর্তন করা যাইবে না।
  - ৬। ইজারা প্রদত্ত পুকুরের মাছ ধরিবার পূর্বে সংশ্লিষ্ট খামার কর্তৃপক্ষকে অবশ্যই জানাইতে এবং কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে মাছ ধরিবার সময়সূচী নির্ধারণ করিতে হইবে।
  - ৭। প্রয়োজনবোধে কোন কারণ না দর্শাইয়াই যে কোন অথবা সকল দরপত্র বাতিল করার অধিকার দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের থাকিবে।
- ডাকের পূর্বে পুকুর সম্বন্ধে আনুসঙ্গিক তথ্য সরেজমিনে সংগ্রহ করা যাইতে পারে।

উজ্জ্বল কুমার সরকার  
৩/৭/২২  
(উজ্জ্বল কুমার সরকার)  
উপ-কৃষি অধিকর্তা (প্রশাসন)  
উত্তর ২৪ পরগনা, বারাসাত

স্মারক নং — ২০০৬ (১৭)

তারিখ : ০৬-০৭-২০২২

এই বিজ্ঞপ্তি অনুলিপি বহুল প্রচারের জন্য নিম্নলিখিত আধিকারিকগণের ; পদাধিকারী ব্যক্তিগণের নিকট প্রেরিত হইল :

- ১। জেলা সভাধিপতি, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।
- ২। জেলা সমাহর্তা, উত্তর ২৪ পরগনা।
- ৩। কৃষি কর্মসূচীপক্ষ, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।
- ৪। কৃষি অধিকর্তা পশ্চিমবঙ্গ সরকার, রাইটার্স বিল্ডিং, কলকাতা-৭০০০০১।
- ৫। যুগ্ম কৃষি অধিকর্তা, আলিপুর রেঞ্জ, কলিকাতা-৭০০০২৫।
- ৬। সহ কৃষি অধিকর্তা(প্রশাসন), বারাসাত-ব্যারাকপুর(সদর)।
- ৭। জেলা তথ্য আধিকারিক, উত্তর ২৪ পরগনা।
- ৮। মহকুমা শাসক, ব্যারাকপুর।
- ৯। ব্লক উন্নয়ন আধিকারিক, ব্যারাকপুর-১।
- ১০। সভাপতি, ব্যারাকপুর-১ পঞ্চায়েত সমিতি।
- ১১। সহ অধিকর্তা, মৎস্যচাষ, উত্তর ২৪ পরগনা।
- ১২। জেলা আধিকারিক, মৎস্যচাষ, উত্তর ২৪ পরগনা।
- ১৩। মৎস্য সম্প্রসারণ আধিকারিক, ব্যারাকপুর-১।
- ১৪। সহ কৃষি অধিকর্তা, ব্যারাকপুর।
- ১৫। সহকারী ক্ষেত্রপাল, ব্লক বীজ খামার, ব্যারাকপুর।
- ১৬। ভারপ্রাপ্ত আধিকারিক, উপ-কৃষি অধিকর্তা(ডব্লিউ. বি. পি.), উত্তর ২৪ পরগনা।
- ১৭। পোস্টমাষ্টার, বারাসাত হেড অফিস।
- ১৮। সমবায় সমিতি.....।
- ১৯। ভারপ্রাপ্ত আধিকারিক, ন্যাশনাল ইনফরমেটিক সেন্টার, উত্তর ২৪ পরগনা।

উজ্জ্বল কুমার সরকার  
৩/৭/২২  
(উজ্জ্বল কুমার সরকার)  
উপ-কৃষি অধিকর্তা (প্রশাসন)  
উত্তর ২৪ পরগনা, বারাসাত